



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ২৬/০৩/২০১৮খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মহান স্বাধীনতা দিবস-২০১৮ উদযাপন

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উদযাপন উপলক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছিল নানা আয়োজন। দিবসটির শুরুতে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে সকাল ৮.০০ ঘটিকায় বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা কর্তৃক জাতীয় পতাকা উত্তোলন কালে পরিবেশিত জাতীয় সংগীত এর সাথে একত্রে সারাদেশের ন্যায় বরিশাল বিশ্ববিদ্যালয়েও সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশিত হয়। এসময় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক ও ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। পতাকা উত্তোলন শেষে বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অস্থায়ী ভাবে স্থাপিত স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এসময় সম্মানিত ট্রেজারার, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্টবৃন্দ, দপ্তর প্রধানগণ, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, রেজিস্ট্রার মোঃ মনিরুল ইসলাম এর নেতৃত্বে সকল কর্মকর্তাবৃন্দ, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখা, উত্তরাধিকার ববি শাখা, ২২টি বিভাগ, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন এবং ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যাণ পরিষদ, ডিবেটিং সোসাইটি, বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। পুষ্পস্তবক অর্পণ শেষে বিশ্ববিদ্যালয়ের বিএনসিসির (সেনা ও নৌ) ক্যাডেটদের গার্ড অব অনার গ্রহণ করেন উপাচার্য ও ট্রেজারার মহোদয়। এদিকে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১৮ উপলক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকমণ্ডলীর অংশগ্রহণে শুরু হওয়া স্বাধীনতা কাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০১৮ এর ফাইনাল খেলা ভাইস-চ্যান্সেলর একাদশ বনাম ট্রেজারার একাদশ এর মধ্যে অনুষ্ঠিত হয়। খেলায় ভাইস-চ্যান্সেলর একাদশ জয় লাভ করে। দিবসটি উপলক্ষ্যে বরিশাল বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটি এক জমজমাট বিতর্ক প্রতিযোগিতারও আয়োজন করে। বিকেলে বিশ্ববিদ্যালয়ের মুক্তমঞ্চ সংলগ্ন কেন্দ্রীয় খেলার মাঠে এক বৈকালিক চা চক্রের আয়োজন করা হয়। সন্ধ্যায় মুক্তমঞ্চে বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের আয়োজনে শিক্ষার্থীদের পরিবেশনায় নাটক “পায়ের আওয়াজ পাওয়া যায়” পরিবেশিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস